

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.১১১.০৫.৯৪৮.২৩-২৬২৫

তারিখ- ০৬/০৩/২০২৫ইং।

প্রাপক: মেসার্স থ্রী এস ইম্পেক্স বাংলাদেশ
৬২/১, তেজতুরি বাজার (চক লেন), পূর্ব রাজাবাজার, তেজগাঁও, ঢাকা।
সংরক্ষণাগারঃ বাসা-২৫, রোড-৮, ব্লক-ই, সেকশন-১২, মিরপুর, ঢাকা।

বিষয়ঃ- পশুখাদ্য (ক্যাট ফুড/ডগ ফুড) আমদানির অনাপত্তি সনদ (NOC) প্রদান।

উপর্যুক্ত বিষয়ে আপনার ১৯/০১/২০২৫ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে পশুপুষ্টি উপকরণ ও ডেটেরিনারি ঔষধ সামগ্রী আমদানি অনাপত্তি সনদ (NOC) প্রদান কমিটির ০২/০২/২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত পণ্য পত্রে উল্লেখিত শর্তসাপেক্ষে Thailand থেকে আমদানির জন্য অনাপত্তি সনদ প্রদান করা হল।

আমদানিযোগ্য পণ্যঃ

SL No.	Description of Products	PI No.	Date	Country Origin	Pack Size	Quantity
1.	PET FOOD (DOG & CAT FOOD)/KANIVA	3S/KANIVA/MPI/3	20.01.2025	THAILAND	40 GM	50000 KG
2.	PET FOOD (DOG & CAT FOOD)/KANIVA				50 GM	50000 KG
3.	PET FOOD (DOG & CAT FOOD)/KANDY				30 GM	40000 KG
4.	PET FOOD (DOG & CAT FOOD)/KANIMAL				30 GM	40000 KG

শর্তাবলীঃ-

- আমদানিতব্য পণ্য অবশ্যই পোল্ট্রিখাদ্য/পশুখাদ্য হিসেবে ব্যবহার করতে হবে।
- কমিটির সদস্য (গন) ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সময় সময় ওয়ার হাউজ, ব্যবসা প্রতিষ্ঠান ও বাজার পরিদর্শনে এবং বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।
- আমদানিতব্য পণ্য রিপ্যাকিং করা যাবে না এবং পোল্ট্রিখাদ্য/পশু খাদ্য ব্যতীত অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না।
- এই ছাড়পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ১ (এক) বৎসর পর্যন্ত বলবত থাকবে। পণ্য আমদানী ও খালাস উক্ত ১ বৎসরের মধ্যে করতে হবে।
- সরকারের বিদ্যমান আইনের ব্যত্যয় ঘটলে অনাপত্তি সনদ NOC বাতিল বলে গন্য হবে এবং আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণকরা হবে।
- পশুখাদ্য বিধিমালা-২০১৩ এর অনুচ্ছেদ ৮(৮) এবং আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর আদেশ নং ২৪ এ উল্লেখিত বিষয়াদি অনুসরণ করতে হবে।
- সকল চালান জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা চট্টগ্রাম/ যশোর/তার প্রতিনিধির উপস্থিতিতে নমুনা সংগ্রহ পূর্বক কোয়ালিটি কন্ট্রোল ল্যাবঃ, সাভার, ঢাকা/ পিআরটিসি, চট্টগ্রাম/ সরকার অনুমোদিত ল্যাবে নাইট্রোফোরান ও ক্লোরামফ্যানিকল এন্টিবায়োটিকের উপস্থিতি পরীক্ষা করাতে হবে।
- পণ্য খালাসের পূর্বে হেলথ সার্টিফিকেট, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য কাগজপত্র প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক যাচাই করে নিতে হবে।
- ক্যাট /ডগ ফুডে পুষ্টিমান জানার জন্য আদ্রতা (Moisture %) ও জুড প্রোটিন (Crude protein %) এর শতকরা হার নির্ণয়ে কোয়ালিটি কন্ট্রোল ল্যাবঃ, সাভার, ঢাকা/পিআরটিসি, চট্টগ্রাম/ সরকার অনুমোদিত ল্যাবরেটরীতে পরীক্ষা পূর্বক তার সনদ পত্র অত্র দপ্তরে দাখিল করতে হবে। নমুনা সংগ্রহের সময় ডিএলও/ইউএলও উপস্থিত থাকবেন। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার আমদানিকারক/ স্বত্বাধিকারী বহন করবে। যদি পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হয় তবে রপ্তানিকারক নিজ ব্যয়ে সংশ্লিষ্ট চালান ফেরত নিতে বাধ্য থাকবে।

(ড. শেখ শাহিনুর ইসলাম)

উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য

পক্ষে, উপপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

ফোন-০২-৫৮১৫৭২১১

e-mail: ddhealthdls@gmail.com

health@dls.gov.bd

অনুলিপি :

- কমিশনার অফ কাস্টমস হাউস, চট্টগ্রাম/ বেনাপোল / মংলা/ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ আইসিডি, কমলাপুর, ঢাকা, বাংলাদেশ।
- অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, চট্টগ্রাম/বেনাপোল/ মংলা/ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ আইসিডি, কমলাপুর, ঢাকা, বাংলাদেশ।